জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়, ঢাকা।
Web: jb.com.bd

বিজনেস ডেভেলপমেন্ট মার্কেটিং ডিপার্টমেন্ট এবং
অনলাইন ব্যাংকিং ডিপার্টমেন্ট
ফোন: ০২-২২৩৩৮১৩৩৭
০২-৫৫১১০০০৯

নির্দেশ বিজ্ঞপ্তি নং-১২৯২/২৪

তারিখ: ২৭ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ
১১ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, এমডি এন্ড সিইও এবং সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক
জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা/
সকল স্টাফ কলেজ এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয়: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জাতীয় পেনশন কর্তৃপক্ষ কর্তৃক প্রবর্তিত সর্বজনীন পেনশন স্কিমের অর্থ জনতা ব্যাংক পিএলসি. এর সকল শাখা এবং অনলাইনের মাধ্যমে জমা গ্রহণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ এর উদ্যোগে জাতীয় পেনশন কর্তৃপক্ষ কর্তৃক প্রবর্তিত সর্বজনীন পেনশন স্কিমের যাবতীয় মাসিক চাঁদা/ফি অত্র ব্যাংকের যেকোন শাখা ও অনলাইনের মাধ্যমে আদায় করার লক্ষ্যে জাতীয় পেনশন কর্তৃপক্ষ এবং জনতা ব্যাংক পিএলসি. এর মধ্যে গত ০৩ জুলাই ২০২৪ তারিখে একটি সমঝোতা স্মারক (MOU) সম্পাদিত হয়।

০২। স্বাক্ষরিত সমঝোতা স্মারকের প্রেক্ষিতে জাতীয় পেনশন কর্তৃপক্ষের সর্বজনীন পেনশন স্কিম ও এসআরও নং-২৫০-আইন/২০২৩ অনুযায়ী জনতা ব্যাংক পিএলসি. এর নবাব আব্দুল গণি রোড কর্পোরেট শাখা, ঢাকা-এ গত ৩০ জুলাই ২০২৪ তারিখ NATIONAL PENSION AUTHORITY শিরোনামে ০১টি এসএনডি হিসাব খোলা হয়েছে, যার বিস্তারিত বিবরণ নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| Account Name | : | NATIONAL PENSION AUTHORITY |
| Type of Account | : | SND |
| Account Number | : | 0100259208178 |
| Routing Number | : | 135270042 |
| SWIFT Code | : | JANBBDDHA |
| Branch Code | : | 0898 |

এসআরও নং-২৫০-আইন/২০২৩ এর মাধ্যমে জাতীয় পেনশন কর্তৃপক্ষ কর্তৃক প্রবর্তিত Universal Pension Scheme (Probash)/ সর্বজনীন পেনশন স্কীম (প্রবাস), Universal Pension Scheme (Samata)/সর্বজনীন পেনশন স্কীম (সমতা), Universal Pension Scheme (Progoti)/ সর্বজনীন পেনশন স্কীম (প্রগতি), Universal Pension Scheme (Surakkha)/সর্বজনীন পেনশন স্কীম (সুরক্ষা) স্কিমের যাবতীয় মাসিক চাঁদা/ফি ব্যাংকের যেকোন শাখা ও অনলাইনের মাধ্যমে জমা করা যাবে।

০৩। সর্বজনীন পেনশন স্কিম বিধিমালা, ২০২৩ অনুযায়ী দেশে এবং প্রবাসে অবস্থানরত ১৮ (আঠারো) বৎসর বা তদুর্ধ্ব বয়স হইতে ৫০ (পঞ্চাশ) বৎসর বয়সী (বিশেষ বিবেচনায় ৫০ বৎসর উর্ধ্ব বয়সী) জাতীয় পরিচয়পত্রধারী (প্রযোজ্য ক্ষেত্রে পাসপোর্ট) সকল বাংলাদেশি নাগরিক সর্বজনীন পেনশন স্কীম এর ওয়েবসাইটে প্রবেশ করে কর্তৃপক্ষের নির্ধারিত ফরম অনলাইনে পূরণ করে ০৪টি স্কিমের (প্রবাস, সমতা, প্রগতি, সুরক্ষা) যেকোন স্কিমের নির্ধারিত শর্তাবলি পরিপালন সাপেক্ষে নিবন্ধিত হতে পারবে।

০৪। সমঝোতা স্মারক অনুযায়ী নিবন্ধিত পেনশনার সংশ্লিষ্ট স্কিমের জন্য ধার্য্যকৃত চাঁদা কর্তৃপক্ষের নির্ধারিত তারিখের মধ্যে জনতা ব্যাংক পিএলসি. এর যেকোন শাখায় Over the Counter (OTC)-এ সর্বজনীন পেনশন স্কীমের কিস্তি জমা গ্রহণ করার লক্ষ্যে "JB Online Solutions" এর আওতায় "Universal Pension Scheme" সফটওয়্যারের লাইভ অপারেশন শুরু করা হয়েছে।

চলমান পাতা-০২

**পূর্ববর্তী পৃষ্ঠার পর হতে:**

০৫। পরবর্তীতে পর্যায়ক্রমে ইন্টারনেট ব্যাংকিং এ্যাপস eJanata/ Janata Payment Gateway/ Other Secured Channel এর মাধ্যমে সর্বজনীন পেনশন স্কীমের কিস্তি জমা গ্রহণ করা যাবে। শাখাসমূহ কর্তৃক জমাকৃত অর্থ রিয়েল টাইম পদ্ধতিতে জনতা ব্যাংক পিএলসি. নবাব আব্দুল গণি রোড কর্পোরেট শাখা, ঢাকা'র সংশ্লিষ্ট হিসাবে জমা করতে হবে এবং প্রতিটি লেনদেনের বিপরীতে পেনশনধারীকে রিসিপ্ট/ভাউচার প্রদান করতে হবে। উল্লেখ্য স্কিমের জন্য ধার্য্যকৃত চাঁদা জমা প্রদানের জন্য গ্রাহকের অত্র ব্যাংকে হিসাব খোলা বাধ্যতামূলক নয়।

০৫। এক্ষেত্রে, সংশ্লিষ্টদের সুবিধার্থে প্রধান কার্যালয়ের অনলাইন ব্যাংকিং ডিপার্টমেন্ট কর্তৃক প্রস্তুতকৃত User Manual for Universal Pension Scheme, Version-1.0, October, 2024 অনুসরণ করা যেতে পারে (JB Online Solution -এ Download মেনু-তে সংযুক্ত)।

০৬। এমতাবস্থায়, সর্বজনীন পেনশন স্কিম বিধিমালা-২০২৩ এবং জাতীয় পেনশন কর্তৃপক্ষ ও জনতা ব্যাংক পিএলসি. এর মধ্যে সম্পাদিত সমঝোতা স্মারক অনুযায়ী অত্র ব্যাংক কর্তৃক সর্বজনীন পেনশন স্কিম এর যাবতীয় সেবা প্রদানের বিষয়টি ব্যাপক প্রচারের মাধ্যমে গ্রাহকের অবগতি এবং নিবন্ধিত পেনশনারদের মাসিক চাঁদার অর্থ গ্রহণ এবং জমাকৃত অর্থ জনতা ব্যাংক পিএলসি. নবাব আব্দুল গণি রোড কর্পোরেট শাখা, ঢাকা'র সংশ্লিষ্ট হিসাবে জমা করার জন্য কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সকলকে নির্দেশনা প্রদান করা হ'ল।

**উল্লেখ্য, সর্বজনীন পেনশন স্কিমের অর্থ জমাসহ যেকোন কারিগরি প্রয়োজনে প্রধান কার্যালয়ের অনলাইন ব্যাংকিং ডিপার্টমেন্ট এর সহায়তা গ্রহণ করা যেতে পারে।**

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনার বিশ্বস্ত,

27.10.24
মোঃ আব্দুস সোবহান মিয়া
উপ-মহাব্যবস্থাপক (বিডিএমডি)

29/10/2024
মোহাম্মদ সোহরাব হোসেন
উপ-মহাব্যবস্থাপক (অনলাইন ব্যাংকিং ডিপার্টমেন্ট)

27/10/24
মোহাম্মদ আনিস
মহাব্যবস্থাপক-ইনচার্জ (আইসিটিডি)

29/10/2024
আরিফ আহমেদ
মহাব্যবস্থাপক (বিডিএমডি)